

# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 02-02-2026**

**Time : 7-50**

### বিশেষ বিশেষ খবরঃ-

১/ ২০২৬-২৭ অর্থবর্ষের বাজেটে পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোর উন্নয়নে ১৪'হাজার ২০৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন। #পশ্চিমবঙ্গেই দেশের প্রথম বুলেট ট্রেন চলাচল করবে বলে তিনি জানান।

২/ উত্তর ২৪ পরগণায় কাঁকপুল এক-এ তিন কোটি ৩৩ লক্ষ স্ট্যান্ডার্ড কিউবিক লিটার গ্যাসের ভান্ডার পাওয়া গেছে বলে, কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের প্রতিমন্ত্রী সুরেশ গোপী জানিয়েছেন।

৩/ দিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনারের দপ্তরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। # বিজেপি, মুখ্যমন্ত্রীর নতুন দিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনারের সঙ্গে সাক্ষাৎ-এর সমালোচনা করেছে। #SIR প্রক্রিয়ায় ভোটদাতাদের হয়রানির জন্য জড়িতদের সাসপেন্ড করার দাবি জানিয়ে বিজেপির এক প্রতিনিধি দল আজ লোকভবনে রাজ্যপালের কাছে স্মারকলিপি দিয়েছে। # জেলায় জেলায় দলের বিক্ষোভ প্রদর্শন।

৪/ রাজ্যের সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে।

৫/ চলতি বছরের মাধ্যমিক পরীক্ষা আজ শুরু হয়েছে।

\*\*\*\*\*

২০২৬-২৭ আর্থিক বছরের বাজেটে পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোর উন্নয়নে ১৪'হাজার ২০৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ বাজেট পরবর্তী এক ভার্চুয়ালি সাংবাদিক বৈঠকে একথা জানিয়ে বলেন, সারা দেশের জন্য বরাদ্দ হয়েছে দু' লক্ষ ৭৮ হাজার কোটি টাকা।

( বাইট- বৈষ্ণব/ দেশে রেল )

বাজেটে পশ্চিমবঙ্গের ডানকুনি থেকে গুজরাটের সুরাট পর্যন্ত রেলের যে পণ্য করিডরের প্রস্তাব রয়েছে, তার'ও উল্লেখ করেন তিনি। রেল মন্ত্রী আরো জানান, দেশের মধ্যে প্রথম পশ্চিমবঙ্গেই বুলেট ট্রেন চলাচল করবে। বারাণসী থেকে শিলিগুড়ি পর্যন্ত প্রথমে এই ট্রেন চালানো হবে। তারপর তা' সম্প্রসারিত হবে আসাম পর্যন্ত।

আদালতের নির্দেশ সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার, কলকাতার চিংড়িঘাটায় মেট্রো রেল প্রকল্পের জন্য জমি দেয়নি বলে শ্রী বৈষ্ণব অভিযোগ করেন।

( বাইট- বৈষ্ণব/ চিংড়িঘাটা )

পরিসংখ্যান দিয়ে তিনি জানান, গত ৪০ বছরে কলকাতায় মাত্র ২৭ কিলোমিটার মেট্রোর লাইন পাতা হয়েছিল। কিন্তু NDA সরকারের আমলে মাত্র ১১ বছরে ৪৫ কিলোমিটার মেট্রোর লাইন সম্প্রসারিত হয়েছে।

ট্রেনের ধাক্কায় হাতের মৃত্যু বন্ধ করতে শীঘ্রই এআই প্রযুক্তি নির্ভর ক্যামেরা চালু করা হবে বলে রেল মন্ত্রী জানান।

\*\*\*\*\*

কেন্দ্রীয় বাজেটে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরকে উত্তর পূর্বাঞ্চলীয় শিল্প করিডরের সংগে যুক্ত করার কথা ঘোষণা করা হয়েছে। এই ঘোষণায় খুশির হাওয়া দুর্গাপুরে। নতুন করে আশার আলো দেখছেন শিল্পাঞ্চলবাসী। এদের একজন বাজেটে দুর্গাপুরকে উত্তর পূর্ব শিল্প করিডরের সংগে যুক্ত করার ঘোষণায় অত্যন্ত খুশি বলে জানিয়েছেন।

( বাইট- বাজেট রিক্যাক্স )

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণায় কাঁকপুল এক-এ তিন কোটি ৩৩ লক্ষ স্ট্যান্ডার্ড কিউবিক লিটার গ্যাসের ভান্ডার পাওয়া গেছে বলে, কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের প্রতিমন্ত্রী সুরেশ গোপী জানিয়েছেন। আজ রাজ্যসভায় শ্রীমতী ভট্টাচার্যের এক প্রশ্নের লিখিত জবাবে শ্রী গোপী জানান, ২০২২ সালের বিশেষ অক্টোবর, কাঁকপুল এক-এ ONGC খনন কার্য শুরু করেছিল, যা গত বছর ১৯'শে অক্টোবর শেষ হয়। ২'হাজার ৭৩০মিটার গভীর পর্যন্ত খনন কার্য চলার পর ওই পরিমাণ গ্যাসের সন্ধান পাওয়া গেছে বলে ONGC সরকারকে জানিয়েছে।

\*\*\*\*\*

রাজ্যে SIR প্রক্রিয়ায় অনিয়ম ও প্রাণহানির অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নতুন দিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সহ কমিশনের পূর্ণাঙ্গ বোর্ডের সঙ্গে বৈঠকে বসেন। তাঁর সঙ্গে ছিলেন, দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং SIR-এর কারণে ক্ষতিগ্রস্ত বলে শাসক দল চিহ্নিত পাঁচটি পরিবারের সদস্য সহ ১৫ জনের প্রতিনিধি দল। কিন্তু ঘন্টাখানেক পর মুখ্যমন্ত্রী বৈঠক ছেড়ে বেরিয়ে আসেন। সাংবাদিকদের কাছে তিনি অভিযোগ করেন, বৈঠকে তাঁদের সঙ্গে দুর্ব্যবহার ও অবিচার করা হয়েছে।

আগামীকাল এব্যাপারে তাঁরা পরবর্তী পদক্ষেপের কথা ঘোষণা করবেন বলেও তৃণমূল কংগ্রেস নেত্রী জানান।

\*\*\*\*\*

বিজেপি মুখ্যমন্ত্রীর নতুন দিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনারের সঙ্গে সাক্ষাৎ-এর সমালোচনা করেছে। দলের রাজ্য সভাপতি শ্রীমতী ভট্টাচার্য আজ এক্স হ্যান্ডেলে এক বার্তায় বলেন, ১২টি রাজ্যে SIR প্রক্রিয়া চলছে। কিন্তু অন্য কোনো রাজ্য থেকেই কোন মুখ্যমন্ত্রী এভাবে কমিশনারের সঙ্গে দেখা করেন নি। মমতা ব্যানার্জি ভয় পাচ্ছেন বলেও তাঁর দাবী। দিল্লী পুলিশ বঙ্গভবন ঘিরে রেখে এজিয়ার বহির্ভূতভাবে তল্লাশি চালিয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অভিযোগ'ও খারিজ করে দিয়েছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, পর্যাপ্ত তথ্যের ভিত্তিতেই দিল্লী পুলিশের এই পদক্ষেপ।

( বাইট- শুভেন্দু বঙ্গভবন/৫.১০ )

উল্লেখ্য, নতুন দিল্লিতে বঙ্গভবনে আজ সকালে দিল্লী পুলিশের তল্লাশি চালানোর অভিযোগে সরব হন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রাজ্যে SIR-এর কারণে হারানির শিকার হয়েছেন- এই অভিযোগে দিল্লী গেছে বেশ কিছু পরিবার। তারাই বর্তমানে বঙ্গভবনে রয়েছেন। দিল্লী পুলিশ তাঁদের হেনস্থা করছে বলে অভিযোগ শাসকদলের। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

SIR প্রক্রিয়ায় নাম ও পদবীর বানান ভুল করে ভোটদাতাদের হারানির জন্য জড়িতদের সাসপেন্ড করার দাবি জানিয়ে বিজেপির এক প্রতিনিধি দল আজ লোকভবনে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে স্মারকলিপি দেয়। ১৪ সদস্যের ওই প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পরে সাংবাদিকদের তিনি বলেন, SIR প্রক্রিয়া ব্যতীত করার জন্যই পরিকল্পিতভাবে

BLO, ERO, AERO দের একাংশ, নাম ও পদবীর বানান ভুল করছেন।

এদের সাসপেন্ড করার পাশাপাশি বসিরহাট দুই-এর বিডিও-র মতো মুরশিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনা, কোচবিহার ও পূর্ব মেদিনীপুরের জেলাশাসককেও সাসপেন্ড করার দাবি জানানো হয়েছে ওই স্মারকলিপিতে।

( বাইট- শুভেন্দু লোকভবনে )

শ্রী অধিকারী আরো জানান, SIR নিয়ে রাজ্যের মুখ্য সচিবের সঙ্গে আলোচনার জন্য তিনি তিনবার চিঠি দিয়েছেন। তার প্রেক্ষিতে তাঁকে আগামী শুক্রবার ৬'ই ফেব্রুয়ারি সাক্ষাতের সুযোগ দেওয়া হয়েছে। তাঁদের এই দাবী সম্বলিত স্মারক লিপিমুখ্য সচিবের কাছে পাঠানোর জন্য রাজ্যপালের কাছে পাঠানো হয়েছে বলে শুভেন্দু উল্লেখ করেন।

\*\*\*\*\*

রাজ্য সরকারের নির্দেশে SIR প্রক্রিয়া বিকৃত করা এবং অসত্য তথ্য জমা দেওয়ার অভিযোগে বিজেপি আজ বিভিন্ন জেলায় বিক্ষোভ দেখায় জেলাশাসকদের কার্যালয়ের সামনে। দলের পক্ষ থেকে ২৩টি প্রশাসনিক জেলায় এই বিক্ষোভ দেখানো হয়। SIR প্রক্রিয়ায় ভোটদাতাদের ভুল তথ্য জমা দেওয়ার ক্ষেত্রে ইআরও, এইআরও এবং বিএলও-দের একাংশের ভূমিকা নিয়ে তারা ক্ষোভ প্রকাশ করে। এর জেরে শুনানির সময় বহু ভোটদাতাকে অযথা হয়রানির শিকার হতে হয়েছে বলে বিজেপির অভিযোগ। পাশাপাশি রাজ্যের মানুষকে সমস্যায় ফেলার জন্য জেলাশাসক এবং এসডিও-দের ভূমিকা নিয়েও সমালোচনায় সরব হয়েছেন দলের নেতা কর্মীরা।

\*\*\*\*\*

রাজ্যের সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। দিন তিনেকের সংক্ষিপ্ত এই অধিবেশনে বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের অন্তর্বর্তীকালীন বাজেট বা ব্যয় মঞ্জুরি প্রস্তাব পেশ করা হবে। অধিবেশন শুরুর আগে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরহিত্যে আজ বিধানসভায় প্রথমার্ধিক সর্বদলীয় ও কার্য উপদেষ্টা কমিটির বৈঠক বসে। বিরোধী বিজেপির কোনো প্রতিনিধি অবশ্য তাতে যোগ দেননি।

বৈঠকের পর অধ্যক্ষ জানান, সাম্প্রতিককালে প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশে শোক প্রস্তাব গ্রহণের মধ্যে দিয়ে আগামীকাল অধিবেশনের সূচনা হবে। **বৃহস্পতিবার ৫ই ফেব্রুয়ারী**, অধিবেশন শুরু হবে রাজ্যপালের অভিভাষণের মধ্যে দিয়ে। ওইদিনই দ্বিতীয়ার্ধে সভায় অন্তর্বর্তী বাজেট পেশ করবেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

( বাইট- অধ্যক্ষ )

\*\*\*\*\*

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষা আজ শুরু হয়েছে। কড়া নিরাপত্তায় প্রথম দিনে প্রথম ভাষার পরীক্ষা নেওয়া হয়। এবারে পরীক্ষার্থীর সংখ্যা- ৯ লক্ষ ৭১ হাজার ৩৪০ জন। তাদের মধ্যে ছাত্রীর সংখ্যা পাঁচ লক্ষ ৪৪ হাজার ৬০৬ । ২ হাজার ৬৮২টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হচ্ছে। পরীক্ষা চলবে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত।

\*\*\*\*\*

দক্ষিণ কলকাতার ঢাকুরিয়ার গোলপার্কের কাঁকুলিয়া রোডে গোষ্ঠীর সংঘর্ষের ঘটনায় মৃত ১০ জনকে আজ আলিপুর আদালতে তোলা হয়। এদের ৯ই ফেব্রুয়ারী পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

\*\*\*\*\*

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে আজ বিশ্ব জলাভূমি দিবস পালিত হচ্ছে। জলাভূমি সংরক্ষণ সম্পর্কে মানুষকে সচেতন করতে বিশ্বজুড়ে সচেতনতা প্রসার মূলক অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করা হয়েছে। পরিবেশের ভারসাম্য রক্ষা, জীববৈচিত্র্য ,কৃষি ও কৃষিজ উৎপাদন, মৎস্য চাষ, খাদ্য সুরক্ষার মতো অপরিহার্য বিষয়গুলিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে জলাভূমি।

\*\*\*\*\*

উত্তরে বাতাসের প্রভাবে রাজ্যের প্রায় সর্বত্রই ভোর ও সন্ধ্যার পর এখনো শীতের আমেজ। তবে দিনের বেলায় রৌদ্রের তাপের ফলে কিছুটা গরম অনুভূত হচ্ছে।

\*\*\*\*\*